



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
সরকারি কার্য ভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম
dot.chittagongdiv.gov.bd

দক্ষ জনবল তৈরীর মাধ্যমে স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়ে সংশ্লিষ্ট দেশি/বিদেশি
অংশীজনদের নিয়ে অনুষ্ঠিত সভার রেকর্ড নোটস

সভাপতি	ইঞ্জি: ফারুক আহম্মদ উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২৮/০২/২০২৪ খ্রিঃ
সভার সময়	বিকাল ২.৩০ ঘটিকা
স্থান	বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম
উপস্থিতি	সংযুক্ত হাজিরা বিবরণী

বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম এর সার্বিক তত্ত্বাবধানে জনাব বিশ্বজিৎ দাস, ইন্সট্রাক্টর ও সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, কক্সবাজার এর সহযোগিতায় আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) এর প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে সংশ্লিষ্ট অংশীজন তথা চট্টগ্রাম বেলেটর বিভিন্ন টেক্সটাইল ইন্ডাস্ট্রি/তৈরি পোশাক শিল্পের প্রতিনিধিগণ এবং টেক্সটাইল ইন্ডাস্ট্রি/তৈরি পোশাক শিল্প সম্পর্কিত বিভিন্ন সংগঠনের প্রতিনিধিগণের সমন্বয়ে গত ২৮/০২/২০২৪ খ্রিঃ তারিখে অংশীজন সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল বস্ত্র শিল্প কারখানার প্রতিনিধি ও অন্যান্য উপস্থিতিদের স্বাগত জানান। বস্ত্র শিল্পের গুরুত্বপূর্ণ অংশীজন হিসেবে সভায় বস্ত্র শিল্প কারখানার প্রতিনিধি ও সংশ্লিষ্ট প্রতিনিধিদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করায় পোষক কর্তৃপক্ষ হিসেবে বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রামের পক্ষ থেকে সভাপতি সকলকে আন্তরিক ভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভার সঞ্চালক সহকারী পরিচালক জনাব আলী আহাব রাখা, সভায় উপস্থিত সকল অংশীজনদের ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং সকলের পরিচিতি পর্বের মাধ্যমে সভা শুরু করেন।

বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এর সহকারী পরিচালক (কারিগরি) জনাব ফরিদা ইয়াছমিন মহাপরিচালকের পক্ষে স্বাগত বক্তব্য প্রদান করেন। তিনি চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বস্ত্র শিল্প সংশ্লিষ্ট সকলের সহযোগিতা জোরদারকরণে গুরুত্ব আরোপ করেন।

জনাব ইঞ্জি. মো. মোজাম্মেল হোসেন, চীফ ইন্সট্রাক্টর, টেক্সটাইল ইন্সটিটিউট, চট্টগ্রাম বস্ত্র অধিদপ্তর পরিচিতি এবং বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম কার্যালয়ের সামগ্রিক কার্যক্রম বিষয়ে উপস্থাপনা করেন।

ISEC প্রজেক্ট, আইএলও এর জাতীয় প্রোগ্রাম ম্যানেজার জনাব এস. এম সিরাজুল ইসলাম দক্ষ জনবল তৈরির মাধ্যমে প্রান্তিক যুব ও নারীদের আর্থিক অন্তর্ভুক্তির লক্ষ্যে আইএলও কর্তৃক গৃহীত প্রকল্পের বিস্তারিত উপস্থাপন করেন। তিনি বিভিন্ন সেক্টরে এন্ট্রি লেভেলে দক্ষ জনবল তৈরির লক্ষ্যমাত্রা তুলে ধরেন। পোশাক শিল্পের জন্য কি ধরণের জনবল প্রয়োজন জানতে চাইলে কারখানা প্রতিনিধিদের মধ্য হতে জনাব আরিফ হোসাইন, ম্যানেজার (এইচ আর), ক্লাসিকাল ফ্যাশন লিঃ জানান যে, “বর্তমানে অধিকাংশ প্রতিষ্ঠানে সুইং অপারেটর (অপারেটর কমপক্ষে সিঙ্গেল নিডেল লকস্টিচ, ডাবল নিডেল লকস্টিচ, ফোর থ্রেড ওভার

লক, বাটন এ্যাটাচ, বাটন হোল ও কানসাই মেশিন চালাতে সক্ষম), সুইং মেশিন টেকনিশিয়ান (টেকনিশিয়ান কমপক্ষে সিঙ্গেল নিডেল লকস্টিচ, ডাবল নিডেল লকস্টিচ, ফোর থ্রেড ওভার লক, বাটন এ্যাটাচ, বাটন হোল ও কানসাই মেশিনের ইলেকট্রিক্যাল ও টেকনিক্যাল দুইটি অংশ রক্ষণাবেক্ষণ করতে সক্ষম), কোয়ালিটি কন্ট্রোলার, কাটিং ম্যান পর্যাপ্ত চাহিদা রয়েছে।” জে.কে. শার্ট এন্ড ফেব্রিক এর ম্যানেজার (এইচ আর এন্ড অপারেশন) জনাব সাজ্জাদুল ইসলাম সহ অন্যান্যরা উক্ত চাহিদার সাথে একমত প্রকাশ করেন।

সভায় সুপ্রকাশ চক্রবর্তী অপু, ডেপুটি ম্যানেজার, ইনফিনিয়া গ্রুপ বলেন যে, “সুইং মেশিন অপারেটর ও সুইং মেশিন মেইনটেইন্যান্সসহ অন্যান্য যে কোনো বিষয়ে প্রশিক্ষণার্থী হিসেবে যুব মহিলাদের প্রাধান্য দেওয়া প্রয়োজন। তিনি আরও বলেন, যুব মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলা হলে যুব মহিলাদের প্রশিক্ষণ শেষে চাকুরিতে অগ্রাধিকার প্রদান করা হবে।”

সভায় সাইফুল ইসলাম, ম্যানেজার (এইচ আর), এমইউ ফ্যাশন লিঃ, Ms Ruchika Bahl, প্রোজেক্ট হেড, আইএলও, কক্সবাজারকে উদ্দেশ্য করে বলেন যে, “অদ্যাবধি বিভিন্ন দেশি/বিদেশি প্রতিষ্ঠানসমূহ প্রোজেক্ট শুরুর পূর্বে টেক্সটাইল ইন্ডাস্ট্রি সংশ্লিষ্টদের ওয়ার্কার/টেকনিশিয়ান সরবরাহ করার আশ্বাস দিয়েছে; কিন্তু অদ্যাবধি সেই উদ্যোগগুলো/প্রশিক্ষণগুলো বাস্তবসম্মত না হওয়ার জন্য অধিকাংশ প্রশিক্ষণার্থীদের প্রত্যাশিত চাকুরী প্রদান করা সম্ভব হয় নাই।” তিনি প্রোজেক্ট হেড আইএলও, কক্সবাজার ও জাতীয় প্রোগ্রাম ম্যানেজার, আইএলও, কক্সবাজার-এর দৃষ্টি আকর্ষণ করে আরও বলেন যে, “শুধুমাত্র প্রাতিষ্ঠানিক শিক্ষা/সার্টিফিকেট নির্ভর প্রশিক্ষণ না দিয়ে প্রশিক্ষণার্থীদের যোগ্য ও দক্ষ ওয়ার্কার/টেকনিশিয়ান হিসাবে গড়ে তোলার জন্য ফ্যাক্টরি নির্ভর প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন।”

জনাব বিশ্বজিৎ দাস, ইন্সট্রাক্টর ও সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, কক্সবাজার সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, “সুইং মেশিন মেইনটেইন্যান্স বিষয়টি বাংলাদেশে প্রথমবারের মত টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট, কক্সবাজার প্রতিষ্ঠানে প্রাতিষ্ঠানিকভাবে শুরু করা হচ্ছে। এজন্য ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার ও টেক্সটাইল ইঞ্জিনিয়ার যারা প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ দিবেন তাদের সর্বপ্রথম টেক্সটাইল ইন্ডাস্ট্রিতে প্রশিক্ষণ প্রয়োজন। এছাড়া যেসকল অ্যাসেসর প্রশিক্ষণার্থীদের অ্যাসেসমেন্ট করবেন তাদেরও প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে।” জনাব বিশ্বজিৎ দাস, ইন্সট্রাক্টর ও সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, কক্সবাজার এর বক্তব্যের প্রেক্ষিতে কারখানা প্রতিনিধিগণ আশ্বাস দেন যে, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার ও টেক্সটাইল ইঞ্জিনিয়ার এবং অ্যাসেসরগণকে ফ্যাক্টরিতে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। এ প্রসঙ্গে ক্লিফটন গ্রুপ কর্তৃক প্রত্যক্ষভাবে বস্ত্র অধিদপ্তরের সাথে কাজ করার আগ্রহ প্রকাশ করা হয়।

সভায় প্রোজেক্ট হেড আইএলও, কক্সবাজার এর সম্মতিতে আইএলও, জাতীয় প্রোগ্রাম ম্যানেজার জনাব এস. এম সিরাজুল ইসলাম জানান যে, “কারখানা প্রতিনিধিদের চাহিদার পরিপ্রেক্ষিতে উপযুক্ত দক্ষ জনবল তৈরিতে ব্যবস্থা নেয়া হবে মর্মে অবগত করেন। তিনি জানান যে, প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীদের বাস্তব প্রশিক্ষণ ব্যবস্থা গ্রহণ ও সমাপ্তিতে প্রশিক্ষণার্থীদের চাকরি ব্যবস্থা গ্রহণে কারখানা প্রতিনিধিদের অনুরোধ জানান।” কারখানা কর্তৃপক্ষ জানান যে, “তারা প্রতিষ্ঠানে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে উক্ত বিষয়ে আলোচনা করবেন।”

বস্ত্র অধিদপ্তরের পরিচালক (শিক্ষা) জনাব হোসনে আরা বেগম উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দক্ষ ও প্রযুক্তি জ্ঞান সম্পন্ন জনবল অপরিহার্য। সরকারের মিশন ২০৪১ বাস্তবায়নে টেক্সটাইল সেক্টরে দক্ষ জনবল সরবরাহের পাশাপাশি পরোক্ষভাবে কর্মসংস্থান সৃষ্টিতে বস্ত্র অধিদপ্তর বদ্ধ পরিকর।”

সমাপনি বক্তব্যে উপপরিচালক ইঞ্জি. ফারুক আহম্মেদ জানান, ISEC প্রজেক্ট বাস্তবায়নে তথা বস্ত্র খাতে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আইএলও এবং বস্ত্র অধিদপ্তর নিয়ন্ত্রিত বস্ত্র শিল্প কারখানা সমূহের মাঝে সেতুবন্ধনে বস্ত্র অধিদপ্তর দৃঢ় প্রতিজ্ঞ। তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ:

১। প্রশিক্ষণার্থীদের সিঙ্গেল নিডেল লকস্টিচ, ডাবল নিডেল লকস্টিচ, ফোর থ্রেড ওভার লক, বাটন এ্যাটাচ, বাটন হোল ও কানসাই মেশিনের ইলেকট্রিক্যাল ও টেকনিক্যাল দুইটি অংশই মেইনটেইন্যান্স এর বিষয়ে দক্ষ করে গড়ে তোলা;

- ২। ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার ও টেক্সটাইল ইঞ্জিনিয়ার হিসাবে মনোনীত প্রশিক্ষকগণ এবং অ্যাসেসরগণকে ফ্যাক্টরিতে প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- ২। সুইং মেশিন অপারেটর অকুপেশনে প্রশিক্ষণ এর ব্যবস্থা গ্রহণ;
- ৩। অংশীজনদের সাথে নিয়মিত যোগাযোগ ও সমন্বয় সাধনের জন্য একটি হোয়াটসএ্যাপ গ্রুপ খোলার সিদ্ধান্ত গৃহীত হলো এবং
- ৪। “টিভিআই এর শিক্ষার্থীদের প্রত্যক্ষভাবে চাকরির সুব্যবস্থা করা”র কার্যক্রম এপিএ তে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো।



১০-০৩-২০২৪

ইঞ্জি: ফারুক আহম্মদ

উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ২৪.০২.২০০০.০০০.১৬.১১৫.২০.১৪৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বস্ত্র অধিদপ্তর;
- ২। প্রজেক্ট হেড, আইএলও, কক্সবাজার, চট্টগ্রাম;
- ৩। প্রকল্প পরিচালক, আইএসইসি (ISEC) প্রকল্প, কক্সবাজার, চট্টগ্রাম;
- ৪। ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ স্বত্বাধিকারী, বস্ত্র শিল্প কারখানা, চট্টগ্রাম;
- ৫। সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, কক্সবাজার এবং
- ৬। সদস্য সচিব, ইনোভেশন টিম, প্রধান কার্যালয়, ঢাকা।



১১-০৩-২০২৪

মোঃ আলী আহাব রাখা
সহকারী পরিচালক (কারিগরি)